

ঢাকা ওয়াসা

- ১। সুনিবিড় এলাকার গ্রাহক হতে প্রাপ্ত পত্র।
- ২। পি সি কালচার ১১ নং রোড এলাকার গ্রাহক হতে প্রাপ্ত পত্র।
- ৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের মডস জোন-৩ এর অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৪। খসড়া নকশা।
- ৫। অনুমোদিত দরের কপি।
- ৬। দর বিশ্লেষণ।
- ৭। হিসাব বিবরণী।
- ৮। প্রাক্কলন।

Name of Work: Interconnection of the 315 mm dia HDPE Water Line with 75 mm dia HDPE Line at Road-16, Sunibir Housing & Rehabilitation, and Lowering of the Water Line at Road-11, PC Culture Housing Area under MODS Zone-3, Dhaka WASA.; শীর্ষক কাজের অনুমোদন প্রসঙ্গে।

১) ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। এই জোনের আওতাধীন এলাকায় গণ্যমান্য ব্যক্তিবর্গের বসবাস। মডস জোন-৩ এর আওতাধীন ডিএমএ-৩০২ এলাকাটি মনসুরাবাদ, বায়তুল আমান হাউজিং, কমফোর্ট হাউজিং এবং সুনিবিড় হাউজিং নিয়ে গঠিত। উক্ত ডিএমএ-৩০২ এলাকায় ইতোপূর্বে মনসুরাবাদ হাউজিং-৪, মনসুরাবাদ হাউজিং-১০, বায়তুল আমান হাউজিং-১০, বায়তুল আমান হাউজিং-১৬ এবং সুনিবিড় হাউজিং অর্থাৎ বিদ্যমান সর্বমোট ৫টি পাম্পের উৎপাদিত পানি দিয়ে অত্র বিস্তীর্ণ এলাকার ক্রমবর্ধমান জনসংখ্যার পানির চাহিদা পূরণ করা হতো; তন্মধ্যে বায়তুল আমান হাউজিং-১৬ পানির পাম্প রিজেনারেশন করা তাই উৎপাদন কম এবং সুনিবিড় হাউজিং পানির পাম্পের উৎপাদন কমে গিয়াছে। ডিএমএ-৩০২ এ বিদ্যমান চলমান কূপ সমূহের উৎপাদন বাড়িয়ে রেশনিং করে এবং পানির গাড়ির মাধ্যমে এর মাধ্যমে অত্র এলাকার পানির চাহিদা পূরণ করা হচ্ছে। সুনিবিড় হাউজিং এলাকা হতে বিভিন্ন গ্রাহকগণ সরাসরি অফিসে এসে, **WASA link** মাধ্যমে এবং চিঠির মাধ্যমে পানি না পাওয়ার অভিযোগ করেন। ১৬ নং রোডের দৈর্ঘ্য প্রায় ১ কিলোমিটার। এই রোডে 315mm Dia Distribution line এবং 75 mm Reticulation line বিদ্যমান রয়েছে কিন্তু উক্ত রোডের মাঝামাঝি প্রায় ৩০০ মিটারের মধ্যে কোন আন্তঃসংযোগ না থাকায় রেশনিং করেও ১০/১৫ টি হোল্ডিংএ পানি সরবরাহ করা সম্ভব হয় না। জরুরী ভিত্তিতে উক্ত সমস্যা সমাধানের জন্য হাউজিং-৪, রোড-১৬, সুনিবিড় হাউজিং এলাকায় ১টি আন্তঃসংযোগ কাজ করা একান্ত প্রয়োজন। পি সি কালচার ১১ নং রোড এলাকার বাসিন্দারা কয়েকবার সরাসরি অফিসে এসে এবং লিখিতভাবে পানি না পাওয়ায় অভিযোগ করে। রেশনিং করে এবং পানির গাড়ির মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। সরেজমিনে সাইট পরিদর্শনে দেখা যায়, পি সি কালচার ১১ নং রোডের পূর্ব দিকের বাসিন্দারা পানি পাচ্ছে কিন্তু গলির পশ্চিম দিকের হোল্ডিংগুলোতে পানি যাচ্ছে না। তৎপ্রেক্ষিতে রাস্তা খনন করে (Trail Trench) দেখা যায় বিদ্যমান ৬" লাইন হতে ৪" Reticulation Line টি ৩ ফুট উচুতে অবস্থিত। পি সি কালচার ১১ নং রোডের এলাকায় জরুরী ভিত্তিতে পানির লাইন পুনঃস্থাপন ও নিচু করা প্রয়োজন। পি সি কালচার ১১ নং রোড এলাকায় জরুরী ভিত্তিতে পানির লাইন পুনঃস্থাপন ও নিচু করলে উক্ত এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক হবে। সর্বোপরি ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পাবে। উল্লেখ্য যে কাজ শেষে Sustainable DMA Management Tools (SDMT) এ অন্তর্ভুক্ত করা হবে।

২) অনুচ্ছেদ ১.০ এর বর্ণনা মোতাবেক মডস জোন-৩ আওতাধীন Interconnection of the 315 mm dia HDPE Water Line with 75 mm dia HDPE Line at Road-16, Sunibir Housing & Rehabilitation, and Lowering of the Water Line at Road-11, PC Culture Housing Area under MODS Zone-3, Dhaka WASA; শীর্ষক কাজটি সম্পাদনের জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে দর বিশ্লেষণ পূর্বক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৩,৪৯,৩৬১.৫১ (তিন লক্ষ ঊনপঞ্চাশ হাজার তিনশত একষট্টি দশমিক পাঁচ এক) (১৫% ভ্যাট সহ) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় এবং অত্যন্ত জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন হয়। আলোচ্য কাজটি সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০২৫ এর বিধি ৯০(১) অনুযায়ী Request for Quotation (RFQ)- পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং- বি-১৮(৩৯) এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-০২ দ্র:)। আলোচ্য কাজের দরপত্র আহবানের জন্য CPTU

২২

প্রণীত Request for Quotation (SRFQ) Document PW1 অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রাপ্ত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৩, দায়িত্ব পালন করবেন এবং ক্রয়কারী কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহবানের, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। আলোচ্য কাজের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা "প্রধান প্রকৌশলী" মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Interconnection of the 315 mm dia HDPE Water Line with 75 mm dia HDPE Line at Road-16, Sunibir Housing & Rehabilitation, and Lowering of the Water Line at Road-11, PC Culture Housing Area under MODS Zone-3, Dhaka WASA.; কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে :

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য ৩,৪৯,৩৬১.৫১ (তিন লক্ষ ঊনপঞ্চাশ হাজার তিনশত একষট্টি দশমিক পাঁচ এক) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন;

খ) কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯০(১) অনুযায়ী Request for Quotation (RFQ)- পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "পানির লাইন রক্ষণাবেক্ষণ" (কোড নং- ০১-০৪-০০১) খাত (প্যাকেজ নং-B.18 এর ক্রমিক নং-39) হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লেখিত প্রস্তাবসমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।



14/05/2026

AE
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

FE
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS/CIR-1.

29.05.26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE

৪। স্বাক্ষর অনুমোদন।

Xen, Zone 03

19/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

AE(M) SAE(M)
21/5/26